

EMN-114647



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



স্মারক নং-বামাশিবো/প্রশা/টাঙ্গাইল-৫৫/ ৬২৬/৪

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩০
১৩ জুলাই ২০২৩

বিষয় : গভার্ণিং বডি কেন ভেঙ্গে দেয়া হবে না তার কারণ দর্শানো প্রসঙ্গে

- সূত্র : (১) বামাশিবো এর স্মারক নং- বামাশিবো/প্রশা/৩৩০২২১১৪৬৪৭১/৬৫৪৫৭/নথি নং -৫৮ তারিখ: ২০-০৯-২০২২ খ্রি.
(২) বামাশিবো এর স্মারক নং- বামাশিবো/প্রশা/টাঙ্গাইল-৫৫/৮৮১/৪; তারিখ: ১৩/০২/২০২৩ খ্রি.
(৩) উনিঅ, সখিপুর, টাঙ্গাইল এর স্মারক নং-০৫.৪১.৯৩৮৫.০০০.১২.০০৫.২৩-৪২৫; তারিখ: ১৭/০৪/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে টাঙ্গাইল জেলার সখিপুর উপজেলাধীন কালিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসায় সূত্রোক্ত ১ নং স্মারকে গভার্ণিং বডি অনুমোদন দেয়া হয়। অনুমোদিত গভার্ণিং বডির ১৩ জন সদস্যের মধ্যে ০৮ জন সদস্য গভার্ণিং বডির সভাপতির বিরুদ্ধে অভিযোগ এনে পদত্যাগপত্র অত্র বোর্ডে অভিযোগ দাখিল করে। অভিযোগের প্রেক্ষিতে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, সখিপুর, টাঙ্গাইলকে সূত্রোক্ত ২ নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, সখিপুর, টাঙ্গাইল সূত্রোক্ত ৩ নং স্মারকে তদন্ত প্রতিবেদন বোর্ডে দাখিল করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, গভার্ণিং বডির সভাপতি জনাব আব্দুর রহমানের খারাপ ব্যবহারের কারণেই গভার্ণিং বডির সদস্যগণ পদত্যাগ করেছেন মর্মে উল্লেখ করা হয়।

বর্ণিত অবস্থায়, গভার্ণিং বডির ১৩ জন সদস্যের মধ্যে ০৮ জন পদত্যাগ করায় অনুমোদিত গভার্ণিং বডি কেন ভেঙ্গে দেয়া হবে না তার জবাব ১০ (দশ) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার অনুরোধ করা হলো।

সংযুক্তি: তদন্ত প্রতিবেদনের কপি।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

- ১। সভাপতি, গভার্ণিং বডি
কালিয়া ইসলামিয়া আলিম, সখিপুর, টাঙ্গাইল
- ২। অধ্যক্ষ /ভারপ্রাপ্ত অধ্যক্ষ
কালিয়া ইসলামিয়া আলিম, সখিপুর, টাঙ্গাইল

স্মারক নং-বামাশিবো/প্রশা/টাঙ্গাইল-৫৫/ ৬২৬/৪

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩০
১৩ জুলাই ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, টাঙ্গাইল;
২. জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সখিপুর, টাঙ্গাইল;
৪. সদস্যবৃন্দ, গভার্ণিং বডি, কালিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা, সখিপুর, টাঙ্গাইল;
৫. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd